দর্শনায় তারেক রহমানের ১৭ তম কারামুক্ত দিবসের আলোচনা সভা

দর্শনায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ১৭ তম কারামুক্ত দিবসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার ৩ সেপ্টেম্বর সন্ধায় দর্শনা পুরাতন বাজার বিএনপির কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য মালেক মন্ডলের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের ছাত্র সংসদের সাবেক জিএস দর্শনা পৌর বিএনপি সমন্বয় কমিটির অন্যতম সদস্য এনামুল হক শাহ মুকুল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক সেলিম মেহফুজ মিল্টন, দর্শনা পৌর যুবদলের যুগ্ন আহবায়ক অপু সুলতান, দর্শনা থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ন আহবায়ক ইসলাম লিওন, পৌর ছাত্রদলের সদস্য সচিব আল মামুন, জেলা যুবদলের সদস্য রুহিম, ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম মুকুল, ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি।

এ সময় আরও উপস্থিত ছিলেন তুফন,রাজ্জাক, মুজিবর,খাইরুল, রবিল,আজাদ,আলমগীর, সোনা,যুবদলের নেতা,আরিফ,সোহেল, আরিফ, কুটি,রুবেল, রানা,খলিল,চঞ্চল, বিল্লাল, ছাত্রদল নেতা ইকবাল, নাফিজ, সালাউদ্দিন, সবুজ,সজিদ,নাঈম ও সুমন প্রমুখ।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পৌর বিএনপি সমন্বয় কমিটির সদস্য ইকবাল হোসেন।